



قسم دعوة وتوعية الجاليات



äalla Ulacİ সৎকর্মে উৎসাহ প্রদান

আরাফ রাসূলুল্লাহ ﷺ বলেছেন: "যে ব্যক্তি আল্লাহর ভয়ে ক্রন্দন করেছে, সে ব্যক্তির জাহান্নামের অগ্নিতে প্রবেশ করা এমন অসম্ভব, যেমন দোহন করা দুধের পুনরায় ওলানের মধ্যে (স্তনে) প্রত্যাবর্তন করা অসম্ভব। আল্লাহর পথের [জেহাদের] ধুলা এবং জাহান্নামের (অগ্নির) ধোঁয়া কখনও একত্রিত হতে পারে না"। (হাদীসটি ইমাম তিরমিয়ী বর্ণনা করেছেন, হাদীস নং ১৬৩৩ এবং ২৩১১। ইমাম তিরমিয়ী বলেছেন: এই হাদীসটি হাসান সহীহ [সুন্দর সঠিক], শাইখ আলবানীও হাদীসটিকে সহীহ [সঠিক] বলেছেন)।

শাইখ মুবারকপুরী বলেছেন: ...

আল্লাহর ভয়ে ক্রন্দন করার সারমর্ম হচ্ছে: সাভাবিকভাবে আল্লাহর ভয়ে তাঁর আনুগত্য করা ও পাপ বর্জন করা।

দুধের পুনরায় ওলানের মধ্যে (স্তনে) প্রত্যাবর্তন করার অর্থ এখানে অসম্ভব হওয়ার বিষয়টি প্রকাশ করা হয়েছে যেমন মহান আল্লাহর বাণীঃ

﴿ حَتَّىٰ يَلِجَ ٱلجَمَلُ فِي سَمِّرِ ٱلجِياطِ ﴾ الأعراف: ٤٠

"যতক্ষণ না সুচের ছিদ্র পথে উদ্র প্রবেশ করবে"। (সূরা আল আরাফ, আয়াত নং ৪০)